দৈনিক ইত্তেফাক

তারিখ ··· [illegible] 9 19[illegible] ··· ···
পৃঃ 7 কলাম 8

# ঢাকা ভার্সিটির দুই ছাত্র বহিষ্কার ॥ একজনের সিট বাতিল

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়াউর রহমান হলের ২টি পৃথক সন্ত্রাসী ঘটনায় জড়িত দুইজন ছাত্রকে

(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির দুই ছাত্র

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয় হইতে সাময়িকভাবে বহিষ্কার এবং অপর একজনের হলের সিট বাতিল করা হইয়াছে। একই সঙ্গে এই ঘটনার প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটি উল্লেখিত ৩ জনকে কেন বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে না এই মর্মে শো'কজ করিয়াছে। সাময়িকভাবে বহিষ্কৃতরা হইল ঃ অর্থনীতি বিভাগের প্রথম বর্ষের ছাত্র আখতারুজ্জামান পনির (২২০ নম্বর কক্ষের ছাত্র) এবং গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের ১ম বর্ষের ছাত্র জয়নাল আবেদীন লিটন (২০১ নম্বর কক্ষের ছাত্র)। উল্লেখিতরা ছাত্রলীগ কর্মী। ইহাছাড়া জিয়া হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ও গ্রন্থাগার মাষ্টার্সের ছাত্র মোঃ রেজভী আলম রিজভীর সীট বাতিল করিয়া শোকজ করা হইয়াছে।

গত মঙ্গলবার রাত ১ টায় লিটন জিয়া হলের ৪২৮ নম্বর কক্ষের ছাত্র ফিন্যান্স ২য় বর্ষের ছাত্র সুমনকে কাটা রাইফেল দিয়া পিটাইয়া মাথা ফাটাইয়া দেয়। লিটন ৪২৮ নম্বর কক্ষ "রাজনীতির জন্য" দখল করিতে গেলে সুমন হল শাখা ছাত্রলীগ সভাপতি মনিরের সাহায্য চায়। ইহাতে রাগিয়া গিয়া ক্যাডার লিটন সুমনের উপর আক্রমণ চালায়। ইহার পূর্বে গত ৬ই সেপ্টেম্বর আসরের নামাজের পর হলের ছাত্রলীগ ক্যাডার পনির গ্রন্থাগার বিজ্ঞানের ছাত্র সাইফুল ইসলামকে ক্ষুর দিয়া জখম করে।

আর রিজভীর বিরুদ্ধে অভিযোগ, সে একটি ঘটনার ইন্ধন যোগাইয়াছে। উল্লেখিত ঘটনাদ্বয় তদন্তের জন্য হল প্রভোষ্ট ডঃ মাহবুব উদ্দিন আহমদকে আহবায়ক এবং সহকারী প্রক্টর সেলিম মাহমুদ ও আবাসিক শিক্ষক ডঃ এমরান কবির চৌধুরীকে সদস্য করিয়া একটি কমিটি গঠন করা হইয়াছে।